

গুয়াহাটিতে মঙ্গলবার নগর উন্নয়ন মন্ত্রকের হিন্দি উপদেষ্টা কমিটির বৈঠক

নয়াদিল্লি, এপ্রিল ১৭, ২০১৭

কেন্দ্রীয় নগর উন্নয়ন এবং আবাস ও শহরাঞ্চলের দারিদ্র নির্মূলকরণ মন্ত্রকের 'যৌথ হিন্দি উপদেষ্টা কমিটি' মঙ্গলবার, অর্থাৎ ২০১৭-র ১৮ এপ্রিল, উভয় মন্ত্রকে এবং তাদের সঙ্গে যুক্ত ও অধীনস্থ দপ্তর সমূহে সরকারি কাজে হিন্দি ভাষার ব্যবহার পর্যালোচনা করতে গুয়াহাটিতে মিলিত হবে।

নগর উন্নয়ন এবং আবাসন ও শহরাঞ্চলের দারিদ্র নির্মূলকরণ মন্ত্রী শ্রী এম বেঙ্কাইয়া নাইডু এই বৈঠকে পৌরহিত্য করবেন যা এই প্রথম বারের মতো উত্তর-পূর্বাঞ্চলে অনুষ্ঠিত হতে চলেছে।

এই বৈঠকে সংসদের প্রায় দশ জন সদস্য এবং উভয় মন্ত্রকের এবং সংশ্লিষ্ট ও অধীনস্থ দপ্তর সমূহের সচিবগণ ও বরিষ্ঠ আধিকারিকরা সহ কমিটির সমস্ত সরকারি সদস্য উপস্থিত থাকবেন।

এই কমিটি ১৯৬৩-র সরকারি ভাষা নীতির সংস্থান অনুযায়ী হিন্দি ব্যবহারের সামগ্রিক পর্যালোচনা করবে।

ইউ ডি এবং এইচ ইউ পি এ মন্ত্রী শ্রী বেঙ্কাইয়া নাইডু সরকারি কাজে হিন্দির ব্যবহারকে উৎসাহিত করতে উভয় মন্ত্রকে প্রতিনিয়ত ব্যবহৃত ইংরেজি থেকে হিন্দিতে অনূদিত ২,৫০০ শব্দের সংক্ষিপ্তসার প্রকাশ করবেন।